গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা
www.mole.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৪০.০০.০০০০.০১১.১১.০০২.১৮-৪৯৪

তারিখ- ১৭.০৭.১৪২৫ / ০১.১১.২০১৮

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের রাজস্বখাতে নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য নিম্ন বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (যা মন্ত্রণালয়ের www.mole.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র/ নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ০১ (এক) টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটারে Word processing-সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) সাঁটলিপিতে গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৭০ এবং বাংলায় সর্বনিম্ন ৪৫ শব্দ। (ঘ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৩০ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ। | চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, কুমিল্লা, নোয়াখালী, সিলেট, সুনামগঞ্জ ও খুলনা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। অন্য জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে শারীরিক প্রতিবন্ধী এবং এতিম কোটায় সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ২। | ক্যাশ সরকার ৯,০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, সিরাজগঞ্জ, নওগাঁ ও সিলেট জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। অন্য জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে শারীরিক প্রতিবন্ধী এবং এতিম কোটায় সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ৩। | অফিস সহায়ক ৮,২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৩ (তিন) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

## শর্তাবলী:

০১। আবেদনপত্র নির্ধারিত ফরম ও পরীক্ষার প্রবেশপত্র (যা মন্ত্রণালয়ের www.mole.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে) যথাযথভাবে পূরণ করে অতিরিক্ত সচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ভবন নং-০৭, কক্ষ নং-৪২৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আগামী ২৯-১১-২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। আগামী ২৯-১১-২০১৮ তারিখ অপরাহ্ন ৫.০০ ঘটিকার পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র কোনভাবেই গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। ক) উপসচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অনুকূলে **১-৩১০১-০০০১-২০৩১** কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ এর জন্য ১০০/- (একশত) টাকা এবং ২ ও ৩ নং পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য ট্রেজারী চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে তার মূল কপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) আবেদনপত্রে সংযুক্ত করে দিতে হবে।

খ) আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিভাগের নাম, জেলার নাম এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনকারীকে তার নাম ও বর্তমান যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ফেরত খাম ৯.৫×৪.৫ ইঞ্চি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

গ) আবেদন ফরম ও প্রবেশপত্রের নির্ধারিত ঘরে সদ্য তোলা (রঙিন) পাসপোর্ট আকারের ২ কপি সংযুক্ত করতে হবে এবং অতিরিক্ত ১ কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। ০১-০৭-২০১৮ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।

০৪। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়)। এক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৫। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতার তথ্য আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে (চাহিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা) পরবর্তীতে তা প্রকাশ করলে গ্রহণযোগ্য হবে না।

০৬। ০১-০৭-২০১৮ তারিখে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর।

০৭। মুক্তিযোদ্ধাদের সনদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ের পর নিয়োগ চূড়ান্ত করা হবে।

০৮। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যাতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

০৯। প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে সনদপত্রের ছায়ালিপি সংযুক্ত করার প্রয়োজন নেই।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১১। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। 'নিয়োগ বিজ্ঞপ্তি', 'নির্ধারিত ফরম' ও 'প্রবেশপত্র' শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mole.gov.bd)-এ পাওয়া যাবে।

০১.১১.১৮

(শাহীন আখতার)
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ও
উপসচিব (প্রশাসন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।